

Press Statement on ceasefire violations by Pakistani forces targeting Indian civilians

November 14, 2020

ভারতীয় অসামরিক নাগরিকদের লক্ষ্য করে পাকিস্তানি সেনাবাহিনী কর্তৃক যুদ্ধবিবর্তি লঙ্ঘনের বিষয়ে প্রেস বিবৃতি

14ই নভেম্বর, 2020

পররাষ্ট্র মন্ত্রক আজ পাকিস্তানের হাইকমিশনের চার্জ ডি'এফেয়ার্স ডেকে পাঠায় এবং 13ই নভেম্বর 2020 তারিখে জম্মু ও কাশ্মীরে নিয়ন্ত্রণ রেখা (এলওসি) বরাবর একাধিক সেক্টরে পাকিস্তানি সেনাবাহিনী কর্তৃক বিনা প্ররোচনায় যুদ্ধবিবর্তি লঙ্ঘনের ঘটনায় তীব্র প্রতিবাদ জানানো হয়, 13ই নভেম্বর, 2020 তারিখের ঐ ঘটনায় চার নিরীহ অসামরিক নাগরিক প্রাণ হারান এবং 19 জন গুরুতর আহত হন।

ভারত, পাকিস্তানি সেনাবাহিনী কর্তৃক নির্দোষ বেসামরিক মানুষদের ইচ্ছাকৃতভাবে নিশানা বানাবার বিষয়টিকে কঠোর ভাষায় নিন্দা জানায়। এটা অত্যন্ত হতাশাজনক যে পাকিস্তান নিয়ন্ত্রণ রেখা বরাবর ভারতীয় বেসামরিক নাগরিকদের উপর আর্টিলারি ও মর্টার সহ ভারী ক্যালিবার অস্ত্র ব্যবহারের মাধ্যমে গুলিবর্ষণ করে শান্তি বিঘ্নিত করার এবং জম্মু ও কাশ্মীরে হিংসা চালিয়ে যাওয়ার জন্য ভারতের একটি উৎসবের মুহূর্তকে বেছে নিয়েছে।

ভারত, পাকিস্তানের সামরিক বাহিনীর দেওয়া কভার ফায়ারকে সমর্থন করে চলা সহ সীমান্তরেখার মাধ্যমে ভারতে সন্ত্রাসবাদী অনুপ্রবেশে পাকিস্তানের সমর্থন অব্যাহত রাখারও তীব্র বিরোধিতা করেছে। পাকিস্তানকে আবারও তার নিয়ন্ত্রণাধীন কোনও অঞ্চলকে কোনও ভাবেই ভারতের বিরুদ্ধে সন্ত্রাসবাদের জন্য ব্যবহার না করতে দেওয়ার দ্বিপাক্ষিক প্রতিশ্রুতির কথা স্মরণ করিয়ে দেওয়া হয়েছে।

নিউ দিল্লি

14ই নভেম্বর 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.